দৈনিক ইত্তেফাক

২৮৩/৮

OCT. 2 4 1998
তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

২৮৩

# প্রফেসর মুনির পর পর চার বার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট সদস্য নির্বাচিত

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাবেক সাধারণ সম্পাদক, সহ-সভাপতি এবং বর্তমান সিনেট সদস্য প্রফেসর ডঃ আ,ন, ম, মুনির আহমদ চৌধুরী গত ১৪ই অক্টোবর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিণ্ডিকেট নির্বাচনে



প্রফেসর ক্যাটাগরী হইতে ১০২ ভোট পাইয়া সিণ্ডিকেট সদস্য নির্বাচিত হইয়াছেন। প্রফেসর মুনির ইতিপূর্বে প্রভাষক ক্যাটাগরী, সহকারী অধ্যাপক ক্যাটাগরী ও সহযোগী, অধ্যাপক ক্যাটাগরী হইতেও সিণ্ডিকেট সদস্য নির্বাচিত হইয়াছিলেন। ডঃ মুনির বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (ইউএসটিসি) সিণ্ডিকেট সদস্য হিসাবেও দায়িত্ব পালন করিয়াছেন। প্রফেসর মুনির ১৯৯৪ সালে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের কার্যকরী পরিষদের সদস্য হিসাবেও দায়িত্ব পালন করেন। ইহা ছাড়া তিনি বর্তমানে আনোয়ারা ডিগ্রী কলেজ ও শাহ মোহছেন আউলিয়া (রহঃ) ডিগ্রী কলেজ পরিচালনা পরিষদে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি মনোনীত শিক্ষানুরাগী সদস্য হিসাবে দায়িত্ব পালন করিতেছেন। তিনি মানবাধিকার ফাউণ্ডেশন চট্টগ্রাম শাখার সভাপতি এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় গবেষণা পরিষদের আহ্বায়ক।

—প্রেস বিজ্ঞপ্তি